

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
ইরেসপো কর্মসূচি  
পল্লী ভবন  
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫।

স্মারক নম্বরঃ ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৪৮৫.১৪. ১৫০

তারিখঃ ১২ এপ্রিল, ২০২৩

বিষয়ঃ পুনঃব্যাখ্যা তলব।


সূত্রঃ উপপরিচালকের কার্যালয়, যশোর এর স্মারক নম্বর- ২২৪ তারিখঃ ১২ মার্চ, ২০২৩

উপর্যুক্ত সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার মনিরামপুর উপজেলায় বিগত জুন, ২০২২ এর তুলনায় মার্চ, ২০২৩ এ মেয়াদোত্তীর্ণ ঋণ অস্বাভাবিক হারে (২১৩%) বৃদ্ধি পাওয়ায় তাকে প্রকল্প সদর দপ্তর হতে ব্যাখ্যা তলব করা হয়, তার প্রেক্ষিতে তিনি জবাব প্রদান করেছেন। বর্ণিত পত্রের মাধ্যমে তিনি জানান যে, এককালীন ঋণ পরিশোধের কারণে কয়েকটি সমিতিতে ঋণ বিতরণ বন্ধ করায় ও মাঠ সংগঠকের দায়িত্ব পালনে অবহেলা ও স্বেচ্ছাচারিতার জন্য মেয়াদোত্তীর্ণ ঋণ বৃদ্ধি পেয়েছে। আপনার দাখিলকৃত জবাব কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক মর্মে গৃহিত হয়নি।

২। সফটওয়্যার পর্যালোচনায় দেখা যায় উক্ত উপজেলায় এককালীন ঋণ পরিশোধের বিষয়টি পূর্ব হতেই চলমান ছিল। তদুপরি আপনি কোনরূপ ব্যবস্থা গ্রহণ না করে অনিয়মতান্ত্রিকভাবে ঋণ বিতরণ করেন। এতে প্রতীয়মান হয় আপনি আপনার দায়িত্ব পালনে সচেতন নয়। উল্লেখ্য, সম্প্রতি সদর দপ্তর হতে এককালীন ঋণ পরিশোধের বিষয়টি জোরালোভাবে তদারকির প্রেক্ষিতে আপনি কিছু উদ্যোগ গ্রহণ করলেও এককালীন ঋণ পরিশোধের মাধ্যমে ঋণ বিতরণের পদ্ধতিটি প্রতিষ্ঠিত করার দায় আপনার উপর বর্তায়।

৩। মাঠ সংগঠকদের দায়িত্ব পালনে অবহেলা ও স্বেচ্ছাচারিতার বিষয়ে ইতোপূর্বে প্রকল্প দপ্তরকে অবহিত করাসহ অন্য কোন ব্যবস্থা গ্রহণ করেননি। আপনি সুনির্দিষ্টভাবে মেয়াদোত্তীর্ণ বৃদ্ধির কারণ উল্লেখ না করে মাঠ সংগঠকদের দায়িত্ব পালনে অবহেলা করার বিষয়টি উল্লেখ করেছেন। এতে প্রতীয়মান হয় আপনি মাঠ পর্যায়ে নিয়মিত পরিদর্শন করেন না বিধায় আপনার দায় এড়ানোর জন্য উক্ত কারণ উল্লেখ করেছেন। এছাড়া প্রকল্প দপ্তর হতে আপনার অবস্থান ট্র্যাকিং করে দেখা যায় আপনি কর্মদিবসেও কর্মস্থলের বাহিরে অবস্থান করেন। অর্থাৎ আপনি আপনার দায়িত্ব পালন না করে ব্যক্তিগত কাজে ব্যস্ত থাকেন। পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের নিজ উপজেলা হওয়ায় উক্ত উপজেলার কার্যক্রম বাস্তবায়ন বিষয়ে মন্ত্রণালয় হতে নিয়মিতভাবে তদারকি করা সত্ত্বেও আপনি সার্বক্ষণিকভাবে কর্মস্থলে অবস্থান না করাসহ সঠিক ভাবে দায়িত্ব পালন করেন না। আপনার দায়িত্ব পালনে অবহেলার জন্য উক্ত উপজেলায় মেয়াদোত্তীর্ণ ঋণ আশংকাজনকভাবে বৃদ্ধি পাচ্ছে।

এমতাবস্থায়, যশোর জেলার মনিরামপুর উপজেলায় এককালীন ঋণ পরিশোধের মাধ্যমে ঋণ বিতরণের পদ্ধতিটি প্রতিষ্ঠিত করা, সার্বক্ষণিকভাবে কর্মস্থলে অবস্থান না করা এবং দায়িত্ব পালনে অবহেলার জন্য উক্ত উপজেলায় মেয়াদোত্তীর্ণ ঋণ আশংকাজনকভাবে বৃদ্ধি পাওয়ায় কেন আপনার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে না তার জবাব ৭ (সাত) কর্মদিবসের মধ্যে প্রেরণের জন্য বলা হলো।

  
মোহাম্মদ রাশেদুল আলম  
কর্মসূচি পরিচালক

আনোয়ারুল কবির

সহকারি পল্লী উন্নয়ন অফিসার, ইরেসপো।

**অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. হিসাব সহকারী/মাঠ সংগঠক, ইরেসপো, বিআরডিবি, উপজেলা: মনিরামপুর, জেলা: যশোর।
২. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলা: মনিরামপুর, জেলা: যশোর।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (প্রকল্পের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**সদয় অবগতির জন্যঃ**

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (প্রশাসন/অর্থ/সরেজমিন/পরিকল্পনা) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৩. অফিস নথি।